

নিয়োগ বিজ্ঞপ্তি

ডাক ও টেলিযোগাযোগ বিভাগের আওতাধীন বাংলাদেশ সাবমেরিন ক্যাবলস পিএলসি (বিএসসিপিএলসি) এর নিম্নবর্ণিত শূন্য পদে সরাসরি নিয়োগের উদ্দেশ্যে বাংলাদেশি নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

ক্রমিক নং	পদের নাম ও সংখ্যা	বেতন-ভাতা	বয়সসীমা	ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
১	সহকারী ব্যবস্থাপক (প্রকৌশল) পদের সংখ্যা: গ্রুপ কঃ ইলেকট্রিক্যাল ০৪ (চার) টি গ্রুপ খঃ কম্পিউটার ০৩ (তিন) টি গ্রুপ গঃ সিভিল ০১ (এক) টি মোট পদঃ ০৮ (আট) টি	কোম্পানির বেতন গ্রেড-৬ (সাকুল্যে বেতন ৫৮,০৭৫/- এবং বিধি মোতাবেক কোম্পানির অন্যান্য সুবিধাদি)	অনূর্ধ্ব ৩২ বৎসর। বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়স ৪০ বছর পর্যন্ত শিথিলযোগ্য।	ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা: ১। সরকার কর্তৃক স্বীকৃত বিশ্ববিদ্যালয়/প্রতিষ্ঠান হতে নিম্নবর্ণিত একটি বিষয়ে বিএসসি ডিগ্রীঃ গ্রুপ-কঃ ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং/ ইলেকট্রনিক্স এন্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং/ ইলেকট্রনিক্স এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং; গ্রুপ-খঃ কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং/ কম্পিউটার সায়েন্স/ সফটওয়্যার ইঞ্জিনিয়ারিং; গ্রুপ-গঃ সিভিল ইঞ্জিনিয়ারিং বিঃ দ্রঃ মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষায় ৫.০ এর স্কেলে ৪.০ ('ও' লেভেল এবং 'এ' লেভেলের ক্ষেত্রে ৩.৫) এবং বিএসসি ডিগ্রীর ক্ষেত্রে ২.৭৫ (৪.০ এর স্কেলে) এর নীচে জিপিএ/সিজিপিএ গ্রহণযোগ্য হবে না।
২	সহকারী ব্যবস্থাপক (হিসাব / (অভ্যন্তরীণ নিরীক্ষা) পদের সংখ্যা: ০২ (দুই) টি	কোম্পানির বেতন গ্রেড-৬ (সাকুল্যে বেতন ৫৮,০৭৫/- এবং বিধি মোতাবেক কোম্পানির অন্যান্য সুবিধাদি)	অনূর্ধ্ব ৩২ বৎসর। বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়স ৪০ বছর পর্যন্ত শিথিলযোগ্য।	১। সরকার কর্তৃক স্বীকৃত বিশ্ববিদ্যালয়/প্রতিষ্ঠান হতে সম্মানসহ স্নাতক বা স্নাতকোত্তর/এমবিএ এবং ২। চার্টার্ড একাউন্টেন্টসিতে কোর্স সম্পন্ন (CC) । বিঃ দ্রঃ মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষায় ৫ এর স্কেলে ৪ ('ও' লেভেল এবং 'এ' লেভেলের ক্ষেত্রে ৩.৫) এবং স্নাতক ও স্নাতকোত্তর পরীক্ষায় ২.৭৫ (৪.০ এর স্কেলে) এর নীচে জিপিএ/সিজিপিএ গ্রহণযোগ্য হবে না।

- প্রার্থীর বয়স নিয়োগ বিজ্ঞপ্তি জারির তারিখে সর্বোচ্চ ৩২ বছর তবে বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়স ৪০ বছর পর্যন্ত শিথিলযোগ্য। বয়স প্রমাণের জন্য এফিডেবিট (Affidavit) গ্রহণযোগ্য নয়।
- সরকারি, আধা-সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকুরিরত প্রার্থীকে মৌখিক পরীক্ষার সময় যথাযথ কর্তৃপক্ষের অনাপত্তি পত্র (NOC) দাখিল করতে হবে।
- অনলাইন আবেদন ও ফি (২২৩ টাকা) প্রদানের সময় ৩১/০৩/২০২৬ খ্রি. হতে ২৯/০৪/২০২৬ খ্রি. তারিখ বিকাল ৫:০০ ঘটিকা পর্যন্ত।
- আগ্রহী প্রার্থীগণকে বিএসসিপিএলসি এর ওয়েবসাইটের মাধ্যমে (www.bscplc.gov.bd) টেলিটকের একটি লিংকে (<http://bscplc.teletalk.com.bd>) প্রবেশ করে প্রাপ্ত অনলাইন আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও শর্তাবলী পরিপালনপূর্বক আবেদন করতে হবে।
- পরীক্ষা সংক্রান্ত যাবতীয় তথ্য প্রতিষ্ঠানের ওয়েবসাইটে (www.bscplc.gov.bd) পাওয়া যাবে।
- মৌখিক পরীক্ষার জন্য নির্বাচিত প্রার্থীগণ কর্তৃক মৌখিক পরীক্ষার সময় সকল শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতার সনদের মূল কপি এবং অন্যান্য যোগ্যতার সনদপত্রের (প্রযোজ্য ক্ষেত্রে) মূল কপি প্রদর্শনপূর্বক প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।
- লিখিত/মৌখিক/ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনো প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- লিখিত ও মৌখিক পরীক্ষা গ্রহণপূর্বক প্রার্থী চূড়ান্ত করা হবে।
- আবেদন পত্র গ্রহণ/বাতিল, বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি এবং নিয়োগের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।
- নিয়োগের বিষয়ে কোন প্রকার সুপারিশ বা তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।

তারিখ: ২৫/০৩/২০২৬ খ্রি.।

উপমহাব্যবস্থাপক (মানবসম্পদ ও প্রশাসন) অতি: দা:

ফোন: +৮৮০২২২৬৬০৩৩১২ (অফিস)